শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১৫.১৯-৫৮৯

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব. / ১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৫২৭৭/২০১৯ | জনাব মো: মিজানুর রহমান, সহকারী শিক্ষক -বিজ্ঞান, (ভোকেশনাল শাখা) বরমহাটি সমবায় হাই স্কুল, উপজেলা-লালপুর, জেলা-নাটোর। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, টিএমইডি, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন। | নাটোর জেলার লালপুর উপজেলাধীন বরমহাটি সমবায় উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখার অন্যান্য আরো দুইজন শিক্ষকের সাথে সহকারী শিক্ষক (বিজ্ঞান) জনাব মো: মিজানুর রহমান (ইনডেক্স নং-১৩১৫০৯৭৪) এর সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধন না থাকায় জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত হওয়ায় তার এমপিও বাতিল করে ডিটিই হতে ১৮/১১/২০১৮ তারিখে ৫৭.০৩. ০০০০.০২৮.২৭.০০১.১৭-১০২২ সংখ্যক স্মারকে (Annexure-D মূলে) অফিস আদেশ জারি করা হয়।<br><br>উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার জনাব মো: মিজানুর রহমান কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ০৯/৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনারের এমপিও বাতিলকরণ সংক্রান্তে ডিটিই হতে জারীকৃত ১৮/১১/২০১৮ তারিখের ১০২২ সংখ্যক স্মারকের (Annexure-D মূলে) কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ০৬/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে উক্ত স্মারকের কার্যক্রম আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০১ (এক) মাস স্থগিত রাখার নির্দেশনা দিয়ে এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার ০৯/০৭/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশ vacate করণের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামালার ০৯/০৭/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশ vacate করণের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ২৮/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ১৭।১১।১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।